বাংলাদেশের মোট জনসংখ্যার অর্ধেক নারী হওয়া সত্বেও দেশের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সকল ক্ষেত্রে নারীর অবস্থান পুরুষের তুলনায় পিছিয়ে আছে। নারী উন্নয়ন তাই অগ্রাধিকার ক্ষেত্র বলে বিবেচিত। ২০১৫ সালে জাতিসংঘ কর্তক ঘোষিত "টেকসই উন্নয়ন" এর যে ১৭ টি লক্ষ্যমাত্রা ২০১৫ থেকে ২০৩০ এর মধ্যে অর্জনের নিদের্শনা রয়েছে তার মধ্যে ৫নং লক্ষ্যটি হচ্ছে- "লিঙ্গ সমতা অজর্নে এবং সব নারী ও মেয়ের ক্ষমতায়ন করা "এবং তা অব্যাহতভাবে এগিয়ে নেওয়ার জন্য নারী সমাজের সামগ্রীক উন্নয়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। নারী ও শিশুর সার্বিক অধিকার প্রতিষ্ঠা, ক্ষমতায়ন এবং সামগ্রীক উন্নয়নের মূল ধারায় সম্পৃক্তকরণের জন্য সরকার বিভিন্ন কর্মসূচি পরিচালনা করছে। নিবিড় প্রশিক্ষণের মাধ্যমে নারীর দক্ষতা বৃদ্ধি,কর্মসংস্থান,শ্রম বাজারে ব্যাপক অংশগ্রহণ নিশ্চিত করণ, ক্ষুদ্র ও মাঝারী উদ্যোক্তাদের পৃষ্ঠপোষকতা প্রদানের মধ্য দিয়ে অর্থনৈতিক ক্ষমতায়ন নিশ্চিত করার ক্ষেত্রে ব্যাপক কার্যক্রম পরিচালিত হচ্ছে। সেই সাথে গ্রামীন অসহায় মহিলাদের উন্নয়ন ও পূর্নবাসন, হতদরিদ্র,দুঃস্থ, অসহায় ও গর্ভবতী নারীদের সামাজিক নিরাপত্তা বলয়ের মাঝে অর্ন্তভুক্তকরণের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচী পালিত হচ্ছে।